

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৯৪

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جُعِلَ فِي قَبْرِ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَطِيفَةٌ حَمْرَاء. رَوَاهُ مُسلم

বাংলা

১৬৯৪-[২] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কবরে একটি লাল চাদর বিছিয়ে দেয়া হয়েছিল। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৯৬৭, আত্ তিরমিয়ী ১০৪৮, নাসায়ী ২০১২, ইবনু আবী শায়বাহ্ ১১৭৫৪, আহমাদ ৩৩৪১, ইবনু হিব্বান ৬৬৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা জানা যায় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্বরে এক টুকরা লাল কাপড় বিছিয়ে দেয়া হয়েছিল। ক্বরে কাপড় বিছানো সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। এ হাদীস দ্বারা ক্বরে কাপড় বিছানো জায়িয প্রমাণিত হয়। ইমাম বাগাভী ও ইবনু হাযম এ মতামত গ্রহণ করেছেন। তবে জমহূর 'উলামাগণ এটাকে মাকরূহ মনে করেন। তারা উপরোক্ত হাদীসের জবাবে বলেন, শিকরান নামক ব্যক্তি সাহাবীদের অজান্তে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্বরে ঐ কাপড়িটি বিছিয়ে ছিল। ইমাম নাবাবী বলেন, এ ব্যাপারে 'উলামাগণের বক্তব্য হল, শিকরান এ কাজটি তার মতামত অনুযায়ী করেছিল। এ ব্যাপারে সাহাবীদের কোন সম্মতি ছিল না। কেউ কেউ এর উত্তরে বলেছেন যে, প্রথমে কাপড় দেয়া হয়েছিল ঠিকই কিন্তু মাটি দেয়ার পূর্বেই তা বের করে নেয়া হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন